



## তালার প্রাইমারি স্কুলের পরীক্ষা স্থগিত

জলাবদ্ধতা পরিস্থিতির অবনতি

■ সাতক্ষীরা প্রতিনিধি

সাতক্ষীরার তালা উপজেলার জলাবদ্ধতা পরিস্থিতির অবনতি হওয়ায় উপজেলার সবগুলো প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় সাময়িক পরীক্ষা সাময়িক স্থগিত করা হয়েছে। এরমধ্যে ২১০টি প্রাথমিক বিদ্যালয় ও ২৫টি কেজি স্কুল রয়েছে। সোমবার থেকে এসব প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় সাময়িক পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল।

তবে জলাবদ্ধতার কারণে ৩৫টি প্রাথমিক বিদ্যালয় পানিতে ডুবে যাওয়ায় সেখানে সাময়িক পাঠদান বন্ধ রাখা হয়েছে। এছাড়া ১০টি মাধ্যমিক ও মাদ্রাসার পাঠদান বন্ধ রাখা হয়েছে। আর ৫০টি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা পানির মধ্যে ক্লাস করছে।

তালা উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রণব কুমার মল্লিক জানান, তালা উপজেলার ২১০টি প্রাথমিক বিদ্যালয় ও ২৫টি কেজি স্কুলে জলাবদ্ধতার কারণে দ্বিতীয় সাময়িক পরীক্ষা সাময়িক বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে পানি একটু কমলে আবার শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবেই চলবে।

কয়েকদিনের টানা বর্ষণে কপোতাক্ষ নদ দিয়ে পানি নিষ্কাশন হতে না পেরায় তালা উপজেলায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। উপজেলার শতাধিক গ্রামে বর্তমানে প্রায় ২ লাখ মানুষ পানিবন্দী হয়ে পড়েছে। ইতিমধ্যে চরম প্রতিকূল আবহাওয়ার জন্য গত শনিবার থেকে তালা উপজেলার প্রায় অর্ধশত প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসা ও কলেজ বন্ধ ঘোষণা করা হয়।